শেখ হাসিনাকে কোনো পাসপোর্ট দেওয়া হবে না: পররাষ্ট্র প্রতিমন্ত্রী



পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। ছবি: সংগৃহীত

ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নতুন করে কোনো পাসপোর্ট দেওয়া হবে না বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। তিনি বলেন, বন্দি বিনিময় চুক্তির আওতায় ভারত থেকে শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে আনতে চায় বাংলাদেশ।

সোমবার (৯ নভেম্বর) পররাষ্ট্র মন্ত্রণালয়ে আয়োজিত এক ব্রিফিংয়ে এসব কথা বলেন তিনি।

শেখ হাসিনার পাসপোর্ট নবায়নের আবেদনকে হাস্যকর উল্লেখ করে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, তিনি মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি। একজন সাজাপ্রাপ্ত আসামি ও হত্যাকারী কীভাবে পাসপোর্টের আবেদন করতে পারেন, তা বোধগম্য নয়।

হুমায়ুন কবির বলেন, শেখ হাসিনা দেশে ফিরতে চাইলে ভারত-বাংলাদেশ বন্দি বিনিময় চুক্তির মাধ্যমেই ফিরতে হবে। শুধু অর্থের বিনিময়ে কেউ তার পক্ষে লবিস্ট হিসেবে কাজ করলে তাদের নৈতিক অবস্থান নিয়েও প্রশ্ন রয়েছে।

তিনি আরও জানান, বন্দি বিনিময় চুক্তি অনুসরণ করে শেখ হাসিনাকে বাংলাদেশে ফেরত পাঠানোর বিষয়ে ভারতকে স্পষ্টভাবে জানানো হয়েছে।

এর আগে আন্তর্জাতিক বার্তা সংস্থা রয়টার্সের এক প্রতিবেদনে বলা হয়, ভারত থেকে বাংলাদেশে ফেরার উদ্দেশ্যে পাসপোর্ট ও জাতীয় পরিচয়পত্র (এনআইডি) চেয়ে সোমবার আবেদন করেছেন শেখ হাসিনা।

প্রতিবেদনটিতে বলা হয়, আগামী ডিসেম্বরে দেশে ফেরার পরিকল্পনার ক্ষেত্রে এটি শেখ হাসিনার নেওয়া সবচেয়ে স্পষ্ট পদক্ষেপ হিসেবে দেখা হচ্ছে। এর আগে দুই বছরেরও বেশি সময় আগে রক্তক্ষয়ী গণ-অভ্যুত্থানের মুখে তার দীর্ঘ শাসনের অবসান ঘটে।